



# শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট

## ঢাকা বিশ্ববিদ্যালয়

### ভর্তি বিজ্ঞপ্তি

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে নিম্নের (ক) অথবা (খ) কার্যক্রমে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

(ক) প্রাক-প্রফেশনাল মাস্টার অব এডুকেশন (প্রাক-এমএড): মেয়াদ- ১ সেমিস্টার (৬ মাস)। যাদের বিএড বা সমমানের ডিগ্রি নেই তারা পূর্ব-প্রস্তুতিমূলক এই কার্যক্রমে আবেদন করতে পারবেন। এই কার্যক্রমের সফল সমাপনের পরে প্রফেশনাল মাস্টার অব এডুকেশনের মূল কার্যক্রমে সরাসরি ভর্তি হওয়া যাবে।

(খ) প্রফেশনাল মাস্টার অব এডুকেশন (এমএড): মেয়াদ- ৩ সেমিস্টার (১৮ মাস)। যাদের বিএড বা সমমানের ডিগ্রি আছে কেবল তাই আবেদন করতে পারবেন।

#### ভর্তির আবেদনের যোগ্যতা:

কার্যক্রমের নাম	আবেদনের যোগ্যতা
(ক) প্রাক-প্রফেশনাল মাস্টার অব এডুকেশন	● ন্যূনতম স্নাতক ডিগ্রিপ্রাপ্ত হতে হবে।
(খ) প্রফেশনাল মাস্টার অব এডুকেশন	● বিএড (সম্মান) অথবা ন্যূনতম স্নাতক ডিগ্রিসহ বিএড/ বিএসএড/ ডিপ-ইন-এড/ ডিপিএড/ সি-ইন-এড/ বিপিএড ডিগ্রিপ্রাপ্ত হতে হবে।
● উভয় কার্যক্রমে প্রার্থীদের শিক্ষা জীবনের সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণি অথবা জিপিএ/সিজিপিএ-এর ক্ষেত্রে ন্যূনতম ২.৫ থাকতে হবে।	
● শিক্ষা সংশ্লিষ্ট চাকুরিরত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে; তবে তাদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিসহ আবেদন করতে হবে।	

#### ভর্তির আবেদন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য:

- ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের ওয়েবসাইটে [www.ierdu.edu.bd](http://www.ierdu.edu.bd) পাওয়া যাবে।
- আগ্রহী প্রার্থীকে অনলাইন ফরম পূরণের জন্য নিম্নোক্ত লিংক <https://ierdu.eduadmission.info>-এর মাধ্যমে প্রয়োজনীয় ধাপসমূহ অনুসরণ করতে হবে। অনলাইনে ফরম পূরণের সময় ভর্তি আবেদন ফি বাবদ নির্ধারিত ২০০০/- (দুই হাজার) টাকা বিকাশের মাধ্যমে জমা দিতে হবে।
- অনলাইন ফরম পূরণের সময় সকল শিক্ষাগত যোগ্যতা (এসএসসি থেকে ব্যাচেলর/মাস্টার্স পর্যন্ত সকল মূল সনদের একটি PDF ফাইল) এবং অভিজ্ঞতার সনদ স্পষ্টভাবে আপলোড করতে হবে।
- অনলাইনে আবেদন ফরম আগামী ২৯ এপ্রিল ২০২৪ তারিখ সোমবার থেকে ২৭ মে, ২০২৪ তারিখ সোমবার রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত পূরণ করা যাবে।
- ভর্তি বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

হটলাইন: +৮৮০১৮৯০৩১৮১০৫

ভর্তি পরীক্ষা: ৩১ মে, ২০২৪ (শুক্রবার) সময়: সকাল ১১:০০টা স্থান: আইইআর ভবন

পরিচালক

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট

ঢাকা বিশ্ববিদ্যালয়